

রাংগামাটি পার্বত্য জেলা পরিষদ  
রাংগামাটি  
(www.rhdc.gov.bd)

নং-২৯.৩৪.৮৪০০.২০৭.৩৯.০০১.১৯ - ১৭৩


তারিখঃ ০৯ সেপ্টেম্বর, ২০১৯খ্রি।

## শিক্ষা উপবৃত্তি বিজ্ঞপ্তি

রাংগামাটি পার্বত্য জেলা পরিষদে ২০১৯-২০২০ অর্থ বছরের 'শিক্ষাবৃত্তি' প্রদানের লক্ষ্যে দেশের কলেজ/বিশ্ববিদ্যালয় ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের উচ্চ মাধ্যমিক/সমমান, স্নাতক/সমমান ও স্নাতকোত্তর/সমমান পর্যায়ে অধ্যয়নরত রাংগামাটি পার্বত্য জেলায় স্থায়ীভাবে বসবাসকারী ছাত্র-ছাত্রীদের নিকট হতে 'শুধুমাত্র অনলাইনে' শিক্ষাবৃত্তির জন্য আবেদন আহ্বান করা যাচ্ছে। পরিষদের ওয়েবসাইট [www.rhdc.gov.bd](http://www.rhdc.gov.bd)-তে আবেদন ফরমটি যথাযথভাবে পূরণপূর্বক নিম্নোক্ত সনদসমূহের মূলকপি স্ক্যান করে নির্ধারিত সাইজে আপলোড করে আবেদন সম্পন্ন করতে হবে।

- ১। স্থায়ী বাসিন্দার সনদপত্র জেলা প্রশাসক/সার্কেল চীফ কর্তৃক প্রদত্ত;
- ২। উপজেলা চেয়ারম্যান/পৌর মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত পিতা/আইনানুগ অভিভাবকের বাৎসরিক আয়ের সনদ, পিতা/আইনানুগ অভিভাবক চাকুরিজীবী হলে চাকুরিরত প্রতিষ্ঠানের যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত বাৎসরিক আয়ের সনদ;
- ৩। শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নের স্বপক্ষে প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধানের প্রত্যয়ন পত্র;
- ৪। আবেদনকারীর সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের রংগিন ছবি (৩০০x৩০০) পিক্সেল এবং স্বাক্ষর (১৫০x৮০) পিক্সেল এবং অন্যান্য সনদ (৭৫০x১০০০) পিক্সেল হতে হবে;
- ৫। আবেদনকারীর সনদপত্রে কোন প্রকার অসামঞ্জস্যতা পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট আবেদনকারীর আবেদন বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৬। আবেদনের সময়সীমা আগামী ১৭/০৯/২০১৯খ্রিঃ হতে ১৭/১০/২০১৯খ্রিঃ রাত ১২.০০ টা পর্যন্ত।
- ৭। জিপিএ ফলাফলের ২.০০ পয়েন্টের নীচে প্রাপ্ত শিক্ষার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।
- ৮। অনলাইন ব্যতিত সরাসরি বা ডাকযোগে শিক্ষাবৃত্তির আবেদন গ্রহণ করা হবে না

**বিশেষ দৃষ্টব্যঃ** কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ বিজ্ঞপ্তির অংশবিশেষ পরিবর্তন/পরিবর্ধন/সংশোধন করার এবং বৃত্তির জন্য প্রার্থী বাছাইয়ে পরিষদের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

  
(বৃষ কেতু চাকমা)


চেয়ারম্যান  
রাংগামাটি পার্বত্য জেলা পরিষদ  
ফোনঃ ০৩৫১-৬৩১৩২ (অফিস)

অনুলিপিঃ সদয় অবগতির জন্য

- ১। সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। ভাইস চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাংগামাটি।
- ৩। ভাইস চ্যান্সেলর, রাংগামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ভেদভেদী, রাংগামাটি।
- ৪। মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাংগামাটি।
- ৫। জেলা প্রশাসক, রাংগামাটি পার্বত্য জেলা।
- ৬। পুলিশ সুপার, রাংগামাটি পার্বত্য জেলা।
- ৭। জনাব..... সদস্য (সকল), এ পরিষদ।
- ৮। উপজেলা নির্বাহী অফিসার, সদর/নানিয়ারচর/বরকল/বিলাইছড়ি/বাঘাইছড়ি/লংগদু/কাউখালী/কাপ্তাই/রাজস্থলী/জুরাছড়ি রাংগামাটি পার্বত্য জেলা।
- ৯। মেয়র, রাংগামাটি পৌরসভা, রাংগামাটি।
- ১০। অধ্যক্ষ ..... রাংগামাটি পার্বত্য জেলা।
- ১১। জনাব ..... (সকল) কর্মকর্তা, অত্র পরিষদ।
- ১২। নোটিশ বোর্ড/অত্র পরিষদ।

কার্যার্থেঃ

- ১। সম্পাদক ..... রাংগামাটি। বিজ্ঞপ্তিটি আগামী ১৭/০৯/২০১৯খ্রিঃ এর মধ্যে ১ বার (৩ কলাম ৫ ইঞ্চি সাইজের) প্রকাশের জন্য অনুরোধ করা হলো

  
হাদেক আহমদ  
মুখ্য নির্বাহী কর্মকর্তা  
রাংগামাটি পার্বত্য জেলা পরিষদ  
ফোনঃ ০৩৫১-৬৩২৬৫ (অফিঃ)